



মালয়েশিয়া-চীন সফরে যেসব বিষয়ে গুরুত্ব দেবেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

সরকার গঠনের পর প্রথমবারের মতো বিদেশ সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। পরিকল্পনা অনুযায়ী তিনি ২১ ও ২২ জুন মালয়েশিয়া এবং ২৩ থেকে ২৬ জুন চীন সফর করবেন।

শনিবার সকালে পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্রিফিংয়ে পররাষ্ট্র সচিব আসাদ আলম সিয়াম জানান, এই সফরে একাধিক দ্বিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষরের প্রস্তুতি রয়েছে। চীনের সঙ্গে দুটি চুক্তি ও ১৩টি সমঝোতা স্মারকসহ মোট ১৭টি নথি এবং মালয়েশিয়ার সঙ্গে দুটি সমঝোতা স্মারকসহ পাঁচটি চুক্তি/সমঝোতা হওয়ার সম্ভাবনা রয়েছে।

তিনি বলেন, চীন সফরে দেশটির প্রধানমন্ত্রীর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন তারেক রহমান। সেখানে তিস্তা মহাপরিকল্পনা, নদী ব্যবস্থাপনা এবং প্রতিরক্ষা সহযোগিতার মতো বিষয়গুলো আলোচনায় আসতে পারে।

মালয়েশিয়া সফরে শ্রমবাজার সম্প্রসারণ, রোহিঙ্গা সংকট এবং আসিয়ানে বাংলাদেশের সদস্যপদ প্রসঙ্গ গুরুত্ব পাবে বলে জানান পররাষ্ট্র সচিব। এ ছাড়া দেশটির প্রধানমন্ত্রী ও রাজার সঙ্গে বৈঠক এবং বেসরকারি বিনিয়োগকারীদের সঙ্গে আলোচনা হওয়ার কথা রয়েছে।

সফরে পররাষ্ট্রমন্ত্রী, পররাষ্ট্র উপদেষ্টা ও প্রবাসী কল্যাণ মন্ত্রিসহ মোট ২৮ জন প্রতিনিধি থাকবেন। সফর শেষে ২৬ জুন প্রধানমন্ত্রীর দেশে ফেরার কথা রয়েছে।